

# ‘সফল হতে পছন্দের বিষয়ে পরিশ্রম চাই’



**Knowledge is best  
when shared.**

Among other things, I founded Lab-X Foundation, an educational non profit.

## সাউথ পয়েন্টের ওয়েবিনার।

### আজকালের প্রতিবেদন

গ্রেড কিংবা পরীক্ষা নিয়ে জীবন নয়। সফল হওয়ার জন্য যা পছন্দ, তার জন্য কঠোর পরিশ্রম করা দরকার। বৃহস্পতিবার সাউথ পয়েন্ট হাই স্কুলের শিক্ষার্থীদের উদ্দেশে আমেরিকার সান ফ্রান্সিসকো থেকে ‘সমুদ্রের গভীরতা থেকে অনন্ত মহাকাশ পর্যন্ত: আপনার আবেগের যাত্রা’ শীর্ষক ওয়েবিনারে এ কথা বলেছেন এই স্কুলেরই প্রাক্তনী, রোবোটিক এবং অ্যারোস্পেস ইঞ্জিনিয়ার ড. সম্প্রীতি ভট্টাচার্য। তিনি বলেন, সমুদ্র তলদেশের ৮০ শতাংশেরও বেশি অনাবিকৃত রয়েছে। কারণ নির্দিষ্ট গভীরতার পর জলের নীচে রেডিও, জিপিএস কিছুই কাজ করেনা। ম্যাপিংও কঠিন। এই পরিস্থিতিতে রোবোটিক্স সাহায্যে আসতে পারে। পাশাপাশি বলেন, রোবটরা আমাদের কাজ নিচ্ছে না, বরঞ্চ তারা নতুন সীমান্ত উন্মুক্ত করছে। পাশাপাশি হাইড্রোন, রোবোটিক্স, মহাসাগর বিজ্ঞান, গাণিতিক মডেলিং, সিস্টেম গতিবিদ্যা ও কৃত্রিম বুদ্ধিমত্তা সংক্রান্ত গবেষণার কাজ এবং সিইও-র কাজের মধ্যে কীভাবে ভারসাম্য বজায় রেখেছেন তা নিয়ে পড়ুয়াদের প্রশ্নের উত্তর দেন। ড. সম্প্রীতি ভট্টাচার্য এমআইটি থেকে পিএইচডি করেছেন। তিনি সামুদ্রিক স্বায়ত্তশাসনে কাজ করে সান ফ্রান্সিসকো বে এরিয়ায় মেরিটাইম স্টিলথ আপ ও এনইটি হোবালের প্রতিষ্ঠাতা ও সিইও। ফোর্বস ৩০-এর আন্তর ৩০ (২০১৬), রোবহাবের ২৫ মহিলা রোবোটিক্স এবং গণ চ্যালেঞ্জ স্কুল পুরস্কার বিজয়ী হিসাবে স্বীকৃতি পেয়ে প্রশংসিত হয়েছেন। লকডাউন শুরু হওয়ার পর থেকেই সাউথ পয়েন্ট হাই স্কুল ওয়েবিনার সিরিজ করছে। বিদেশে থাকা স্কুলের প্রাক্তন পড়ুয়ারা অনুপ্রেরণামূলক বক্তৃতা দিয়েছেন। এই সময়ে ১২ হাজারেরও বেশি শিক্ষার্থী ৪০০টি গ্রন্থ, ২০০টি বিভাগে সপ্তাহে ১৩৫০টি ভার্চুয়াল ক্লাস করছে।